

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬(প্রশাসন)
এফ-৪/বি, আগারগাঁও,শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.১১.৬২৮.২০.১৪০

তারিখ: ২০/০৬/২০২১ খ্রিঃ

নিয়োগ আদেশ

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৫১.১১.০০২.১৯.১৩৫, তারিখ: ১৫/১২/২০২০ খ্রিঃ এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.১১.৬২৮.২০.১০ তারিখ: ০৬/০১/২০২১ খ্রিঃ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি এর সুপারিশক্রমে নিম্নবর্ণিত প্রার্থীকে রাজস্ব খাতভুক্ত এল,ডি,এ কাম-স্টোরকিপার পদে টাকা ৯৩০০-২২৪৯০/- (শ্রেণি-১৬)(জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) বেতনক্রমে এবং সরকার অনুমোদিত অন্যান্য সুবিধাদিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	প্রার্থীর রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত পদ ও প্রতিষ্ঠানের নাম
০১	১৭০০৫৭৭০	প্রার্থীর নাম: মনির হোসেন পিতা: বদরুজ্জামান মাতা: মনোয়ারা আকতার জন্ম তারিখ: ০৫ জুন, ১৯৯৫	প্রয়ত্নে: বদরুজ্জামান গ্রাম: দড়িবাড়ী, মৈরান, বাড়ী নং ২৪২ ডাকঘর: ন্যাশনাল ইউনিভার্সিটি-১৭০৪ উপজেলা: গাজীপুর সদর জেলা: গাজীপুর	“এল,ডি,এ কাম-স্টোরকিপার” রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর

২। এ আদেশ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

শর্তসমূহ:

(ক) সরকারী বিধি মোতাবেক চাকুরিতে তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে।

(খ) যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদের মূলকপি জমা দিতে হবে।

(গ) “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বর্হিভূত গেজেটেড ও নন-গেজেটেড(কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ এর বিধি ৬ এর (৩)(ক) ও ৫ মোতাবেক চাকুরী স্থায়ী করা হবে।

(ঘ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য পরবর্তীতে অসত্য/ভূয়া প্রমাণিত হলে “কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহের ক্যাডার বর্হিভূত গেজেটেড ও নন-গেজেটেড(কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২০ এর বিধি ৬ এর (১)(ক), ২(ক) এবং ৩(খ) এর (অ) মোতাবেক তাঁর নিয়োগ আদেশ বাতিল করা হবে।

(ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি-এরূপ বিষয়সমূহ(যেমন-সরকারের প্রচলিত আদেশ এবং বিধি-বিধান) তাঁর চাকুরির ক্ষেত্রে প্রযোজ্য হবে।

(চ) নির্বাচিত প্রার্থীগণকে আগামী ২৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে বর্ণিত পদ ও কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে তাঁর এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(ছ) চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।




স্বাক্ষরিত/-
(ড. মোহাম্মদ আব্দুস ছালাম)
যুগ্ম সচিব
ও
পরিচালক(ভোকেশনাল)

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৪০.১১.৬২৮.২০. ৩৪৩(২৪)

তারিখ ১০/৬/২০২১খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব(কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. অধ্যক্ষ, রংপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর প্রাথমিক যোগদানকালে সিভিল সার্জন কর্তৃক প্রদানকৃত স্বাস্থ্য সনদের মূলকপিসহ যোগদান পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে উক্ত স্বাস্থ্য সনদসহ যোগদানের প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো।
৭. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৮. সহকারী পরিচালক-১/২/৩/৪/৬/৭/৮/৯/১০, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৯. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. জনাব-----
১৪. সংশ্লিষ্ট নথি।


(মোঃ জাহেদুল কবির খান)
সহকারী পরিচালক
১০/৬/২০২১